দৈনিক ইনকিলাব

তারিখ ..23 SEP 1988...
পৃষ্ঠা ... 10 ... কলাম ...

045

# এক নজরে সউদী আরব

১। সরকারী নামঃ কিংডম অভ সউদী আরাবিয়া।

২। রাজধানীঃ রিয়াদ।

৩। রাষ্ট্রপ্রধানঃ পবিত্র মসজিদদ্বয়ের খাদেম বাদশাহ ফাহদ বিন আব্দুল আজিজ।

৪। আয়তনঃ নয় লাখ বর্গমাইল।

৫। জনসংখ্যাঃ ১ কোটি ২০ লাখ।

৬। আবহাওয়াঃ তাপমাত্রা ৭ ডিগ্রী সেলসিয়াস থেকে ৫০ ডিগ্রী সেলসিয়াসে উঠানামা করে। অনিয়মিত বিক্ষিপ্ত বৃষ্টিপাত হয়। গ্রীষ্মকাল উষ্ণ, শুষ্ক এবং দীর্ঘ। রাতে লক্ষ্যণীয়ভাবে তাপমাত্রা হ্রাস পায়।

৭। শিক্ষাঃ বিশ্ববিদ্যালয় পর্যায় পর্যন্ত অবৈতনিক শিক্ষা। শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যাঃ বিশ্ববিদ্যালয়- ৭টি, কলেজ- ১শ ৫টি, বিদ্যালয়- ১৫ হাজার। সকল পর্যায়ে শিক্ষার্থীর সংখ্যা- ২০ হাজার। শিক্ষকের সংখ্যা- ১ লাখ ৫৪ হাজার ৪শ ১৪ জন।

৮। স্বাস্থ্যঃ সকল নাগরিকের জন্য বিনা ব্যয়ে চিকিৎসা সুবিধা। হাসপাতালের সংখ্যা- ১শ ৫৫টি, শয্যা সংখ্যা- ২৮ হাজার ২শ ৯৬, চিকিৎসক- ১ হাজার, প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র- ২ হাজার ৫৬টি।

৯। অর্থনীতিঃ অবাধ অর্থনীতি। সরকার বেসরকারী উদ্যোগে উৎসাহ দিয়ে থাকেন। চতুর্থ পাঁচসালা পরিকল্পনায় (১৯৮৫-৯০) সরকারী ব্যয়ের পরিমাণ ১ হাজার বিলিয়ন সউদী রিয়াল।

১০। বার্ষিক প্রবৃদ্ধির হারঃ চতুর্থ উন্নয়ন পরিকল্পনাকালে (১৯৮৫-৯০) প্রবৃদ্ধির অনুমিত হার ৪ শতাংশ।

১১। মোট জাতীয় উৎপাদনঃ ১৯৯০ সাল নাগাদ মোট জাতীয় উৎপাদন ৩৫৪·৯ বিলিয়ন সউদী রিয়াল হবে বলে অনুমান করা হয়েছে।

১২। মাথাপিছু আয়ঃ ৩৫ হাজার সউদী রিয়াল (আনুমানিক ৯ হাজার ৫শ মার্কিন ডলার)।

১৩। শিল্পঃ ৭০ বিলিয়ন সউদী রিয়াল ব্যয়ে ২ হাজার শিল্প ইউনিট প্রতিষ্ঠা করা হয়েছে। সউদী শিল্প উন্নয়ন তহবিল ১৯৮৭ সাল নাগাদ ১৪,৪০৩ মিলিয়ন সউদী রিয়াল ঋণ প্রদান করেছে।

১৪। কৃষিঃ চাষযোগ্য জমির পরিমাণ ৪৫ লাখ হেক্টর। চাষের আওতাভুক্ত জমির পরিমাণ ৬ লাখ হেক্টর। চারণ ভূমির পরিমাণ ৪ কোটি ৮০ লাখ হেক্টর। প্রধান ফসলসমূহ— খেজুর, গম, ডাল, ফল, আলু, শাক-সবজি।

১৫। খনিজ সম্পদঃ তেল, গ্যাস, সীসা, নিকেল, দস্তা, সোনা, টিন, লোহা, তামা, ইউরেনিয়াম, ফসফেট এবং বকসাইট।

১৬। রপ্তানীঃ তেল, পেট্রোরসায়ন দ্রব্য, সার, ধাতব, গম, সিমেন্ট, নির্মাণ সামগ্রী, খাদ্যদ্রব্য। ১৯৮৭ সালে রপ্তানীর পরিমাণ ২৭·৭৮৯ বিলিয়ন সউদী রিয়াল।

১৭। আমদানীঃ বৈদ্যুতিক সরঞ্জাম, গৃহস্থলী তৈজসপত্র, তৈরী পোষাক, মসলা, সিল্ক দ্রব্য, ছুরি, কাঁটা চামচ, নকল গয়নাপত্র।

১৮। প্রধান শহরসমূহঃ মক্কা, মদীনা, তায়েফ, দাহরান।

১৯। প্রধান বন্দর নগরীসমূহঃ
জেদ্দা, দাম্মাম, ইয়ানবু, জুবাইল, যিজান।

২০। প্রধান বিমানবন্দরসমূহঃ বাদশাহ আব্দুল আজিজ আন্তর্জাতিক বিমানবন্দর (জেদ্দা), বাদশা খালেদ আন্তর্জাতিক বিমানবন্দর (রিয়াদ) ও দাহরান আন্তর্জাতিক বিমানবন্দর (দাহরান)।

২১। টেলিফোনঃ ১৪ লাখ ৫০ হাজার।

২২। রেডিও স্টেশনঃ ১৭টি।

২৩। টেলিভিশন সম্প্রচার কেন্দ্রঃ ৯০টি।

২৪। রেলওয়েঃ ৬০০ কিলোমিটার। বার্ষিক যাত্রী চলাচল ৪ লাখ। বার্ষিক পণ্য পরিবহন ২০ লাখ টন।

২৫। সড়কঃ ৯৫,৩৪৮ কিলোমিটার (পাকা ৩১ হাজার কিলোমিটার)।

২৬। বাঁধঃ ৩৭ কোটি ১০ লাখ ঘনমিটার পানি সংরক্ষণ ক্ষমতাসম্পন্ন ১৬০টি বাঁধ।

২৭। লবণ বিযুক্তকরণ প্রকল্পঃ প্রতিদিন ১৬ লাখ ঘন মিটার বিশুদ্ধ খাবার পানি উৎপাদন ক্ষমতাসম্পন্ন ২১টি লবণ বিযুক্তকরণ প্রকল্প রয়েছে। ভূগর্ভস্থ পানির পরিমাণ আনুমানিক ৩৬,০০০ বিলিয়ন ঘন মিটার।